দৈনিক ইনকিলাব
তারিখ ... 14 JUL 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২

৪৫

13

# সরকার প্রাথমিক শিক্ষায় সর্বোচ্চ গুরুত্ব দেবে

—প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সমাজ থেকে নিরক্ষরতার অভিশাপ দূর করা এবং জাতিকে অগ্রগতির পথে দিক-নির্দেশনা দানে প্রাথমিক শিক্ষাকে গতিশীল করার প্রয়োজনের ওপর গুরুত্ব আরোপ করেছেন।

শিক্ষক সমিতিসমূহের জাতীয় ফেডারেশনের একটি প্রতিনিধি দলের সঙ্গে আলাপকালে প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার শিক্ষা ব্যবস্থার প্রধান স্তম্ভ প্রাথমিক শিক্ষায় সর্বোচ্চ গুরুত্ব প্রদান করবে। প্রতিনিধি দল গতকাল প্রধানমন্ত্রীর সচিবালয়ে বেগম খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাৎ করেন। খবর বাসস ও ইউএনবি'র।

সরকার ইতিমধ্যে ১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়নের সিদ্ধান্ত নিয়েছে।

বেগম জিয়া প্রাথমিক শিক্ষা বিস্তারের মাধ্যমে গণশিক্ষা কর্মসূচী সফল করার প্রয়োজনের ওপর জোর দেন।

এ প্রসঙ্গে বেগম জিয়া বলেন, শিক্ষকদের পরামর্শ ও সহযোগিতার মাধ্যমে গ্রাম পর্যায়ে প্রাথমিক শিক্ষার পাঠ্যক্রমের

শেষ পৃঃ ১-এর কঃ দেখুন

## প্রধানমন্ত্রী

প্রথম পৃষ্ঠার পর

উন্নয়ন করতে হবে।

প্রধানমন্ত্রী বলেন, দেশ ও সমাজ উন্নয়নে শিক্ষার কোন বিকল্প নেই। তিনি নিরক্ষরতা দূরীকরণ, শিক্ষার হার বৃদ্ধি এবং শিক্ষার মান উন্নয়নে কার্যকর ভূমিকা রাখার জন্যে শিক্ষকদের প্রতি আহবান জানান।

প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতকারীদের মধ্যে ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি ফেডারেশনের সভাপতি এনামুল হক খান, সরকারী কলেজ শিক্ষক সমিতির সভাপতি মুজাফফর হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব নজরুল ইসলাম, প্রাথমিক শিক্ষক সমিতির মহাসচিব ফজলুর রহমান।

প্রতিনিধি দল শিক্ষাঙ্গনে সহিংসতা দূর করা এবং শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার উপায় খুঁজে বের করতে রাজনৈতিক দলসমূহের মহাসম্মেলন আহবান করার জন্যে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।

তারা বলেন, অতীতে স্বৈরাচারী শাসনের সময় শিক্ষাঙ্গনে সহিংসতা দূর করতে কোন পদক্ষেপ নেয়া হয়নি; বরং স্বৈরাচারী শাসক নিজ কায়েমীস্বার্থে শিক্ষার পরিবেশ নষ্ট করতে শিক্ষাঙ্গনে সহিংসতার পৃষ্ঠপোষকতা করেন।

প্রতিনিধি দল ঘূর্ণিঝড় পরবর্তী পরিস্থিতি মোকাবেলা এবং বিভিন্ন ক্ষেত্রে কার্যকর ব্যবস্থা গ্রহণ করায় সরকারের প্রশংসা করেন।

এ প্রসঙ্গে তারা সংসদীয় সরকার ব্যবস্থা পুনঃ প্রবর্তনে জাতীয় সংসদে সংবিধান সংশোধনী বিল উত্থাপনের উল্লেখ করেন।

তারা প্রধানমন্ত্রীর কাছে শিক্ষা এবং শিক্ষক সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে একটি স্মারকলিপি হস্তান্তর করেন।